# একাধিক ফ্যাক্টর বিশিষ্ট প্রমাণীকরণ (MFA) সেটআপের নির্দেশাবলী

নিউইয়র্ক স্টেট কয়েকটি জনসাধারণের অ্যাপ্লিকেশনে একাধিক ফ্যাক্টর বিশিষ্ট প্রমাণীকরণ (MFA) চালু করেছে। MFA হল আপনার অ্যাকাউন্টের সুরক্ষা ও নিরাপত্তার সুনিশ্চিত করার একটি উপায়। পাসওয়ার্ড দেওয়ার পরেও, এতে আরও এক উপায়ে প্রমাণ করতে হয় যে, আপনিই দাবি করা সেই ব্যক্তি। আপনি MFA দ্বারা সুরক্ষিত কোনও অ্যাপ্লিকেশন ব্যবহার করলে, কেউ আপনার পাসওয়ার্ড অনুমান বা চুরি করলেও, এই দ্বিতীয় ফ্যাক্টর ছাড়া তারা কিন্তু লগইন করতে পারবে না। পাসওয়ার্ড হল আপনার জ্ঞাত কোনও জিনিস, কিন্তু এই দ্বিতীয় ফ্যাক্টরটি আপনি নিজে (সাধারণত বায়মেট্রিক ডিভাইসে রিড নেওয়া হয়) অথবা আপনার কাছে থাকা কোনও একটি জিনিস।

**টিপ:** আপনাকে একের চেয়ে বেশি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতি সেট আপ করার পরামর্শ দেওয়া হচ্ছে।

**টিপ:** আপনার একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করতে যদি কোনো ফোন অ্যাপের প্রয়োজন হয় (Okta Verify (ওকটা ভেরিফাই) বা Google Authenticator (গুগল প্রমাণীকরণকারী)), তবে "একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ" ব্রাউজার পেজে সেটআপ বোতামে ক্লিক করার আগে, সেই অ্যাপটি ডাউনলোড করে নেবেন। Okta Verify এবং Google Authenticator-এই দুটি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতিতেই অ্যাপের প্রয়োজন হয়। সেই অ্যাপ এখনই ডাউনলোড করতে, Android ডিভাইসের জন্য এখানে ক্লিক করুন এবং Apple ডিভাইসের জন্য এখানে ক্লিক করুন।

**দ্রষ্টব্য: সেলফোনের আউটলাইন না থাকলে, সমস্ত স্ক্রিনশটই কম্পিউটার মনিটার থেকে নেওয়া বিবেচিত হয়।**

সূচী

**Google Authenticator-এর একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করা**

**আপনার Android ডিভাইসে, Google Authenticator অ্যাপ ডাউনলোডের নির্দেশাবলী**

**আপনার Apple ডিভাইসে, Google Authenticator অ্যাপ ডাউনলোডের নির্দেশাবলী**

**Google Authenticator অ্যাপ ব্যবহার**


**সেট আপ কী কীভাবে দেবেন, তার নির্দেশাবলী**

**Google Authenticator অ্যাপ ব্যবহার করে QR কোড স্ক্যান করার নির্দেশাবলী**

**ত্রুটি সংক্রান্ত সম্ভাব্য মেসেজ এবং কীভাবে সেগুলি সমাধান করবেন**


## Google Authenticator-এর একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করা

আপনি ইতিমধ্যেই MFA নথিভুক্ত না হয়ে থাকলে, লেবার অনলাইন সার্ভিসে লগইন করে "আনএমপ্লয়মেন্ট সার্ভিসেস" আবেদন বোতামে ক্লিক করার পর আপনাকে নথিভুক্ত করার জন্য নির্দেশ দেওয়া হবে।




আপনার কম্পিউটার স্ক্রিনে, আপনি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করার স্ক্রিণ দেখতে পাবেন।

1. আপনার স্মার্টফোনে, Google Authenticator অ্যাপ ডাউনলোড করুন।
2. সেট আপ প্রক্রিয়া সেট আপের জন্য, আপনার কম্পিউটার স্ক্রিনে Google Authenticator-এর অধীনে সেট আপে ক্লিক করুন।



3. আপনার কম্পিউটারের মনিটরে একটা নতুন স্ক্রিন আসবে। আপনার ডিভাইসের ভিত্তিত iPhone বা Android বেছে নিন। আপনার Apple ট্যাবলেট থাকলে, iPhone নির্বাচন করুন।

**Android থাকলে, আপনি এটা দেখতে পাবেন:**





আপনাকে Google Play Store থেকে Google Authenticator অ্যাপ ডাউনলোড করতে বলা হবে। আপনার আগে থেকে ডাউনলোড করা না থাকলে, এখন ডাউনলোড করে নিন।

**আপনার Android ডিভাইসেGoogle Authenticator App কীভাবে ডাউনলোড করবেন তার নির্দেশ পেতে, এখানে ক্লিক করুন।**

4. পরবর্তী বোতামে ক্লিক করুন।

এগিয়ে যেতে এখানে ক্লিক করুন।

**iPhone থাকলে, আপনি এটা দেখতে পাবেন:**




আপনাকে App Store থেকে Google Authenticator অ্যাপ ডাউনলোড করতে বলা হবে। আপনার আগে থেকে ডাউনলোড করা না থাকলে, এখন ডাউনলোড করে নিন।

**আপনার Apple ডিভাইসেGoogle Authenticator App কীভাবে ডাউনলোড করবেন তার নির্দেশ পেতে, এখানে ক্লিক করুন।**


5. পরবর্তী বোতামে ক্লিক করুন।

**আপনার Android ডিভাইসে, Google Authenticator অ্যাপ ডাউনলোডের নির্দেশাবলী।**

6. আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে, Google Play-তে ন্যাভিগেট করুন। আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে অপারেটিং সিস্টেমের (OS) সাম্প্রতিক সংস্করণ আছে কিনা নিশ্চিত করুন।

7. Google Play-তে Google Authenticator অ্যাপ অনুসন্ধান করুন।


8. অ্যাপটি খুঁজে পেলে, তা আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে ডাউনলোড করে ইনস্টল করুন। *(দ্রষ্টব্য: ফোনের সংস্করণের ভিত্তিতে অ্যাপকে অন্যরকম দেখতে লাগতে পারে)*




মূল পেজে ফিরে যেতে এখানে ক্লিক করুন।

**আপনার Apple ডিভাইসে, Google Authenticator অ্যাপ ডাউনলোডের নির্দেশাবলী।**

9. আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে, App Store-এ ন্যাভিগেট করুন। আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে অপারেটিং সিস্টেমের (OS) সাম্প্রতিক সংস্করণ আছে কিনা নিশ্চিত করুন।
10. App Store-এ Google Authenticator অ্যাপ অনুসন্ধান করুন।
11. Google Authenticator মোবাইল অ্যাপ নির্বাচন করুন।
12. অ্যাপটি ডাউনলোড করে ইনস্টল করুন।





13. আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে Google Authenticator অ্যাপ ইনস্টল করার পর, আপনার ডিভাইসে অ্যাপটি খুলুন।

[মূল পেজে ফিরে যেতে এখানে ক্লিক করুন।]

**আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে, Google Authenticator অ্যাপটি খুলুন।**


14. এখন আপনার কম্পিউটার স্ক্রিনে, কুইক রেসপন্স (QR) কোড সহ একটা ডায়ালগ বক্স আসবে।
    - আপনি QR কোড স্ক্যান করতে না পারলে, কম্পিউটার স্ক্রিনে QR কোডের তলায় **স্ক্যান করতে পারছেন না?** বিকল্পে ক্লিক করুন। [স্ক্যান করতে না পারা সংক্রান্ত নির্দেশাবলী পেতে এখানে ক্লিক করুন।]




15. Google Authenticator অ্যাপে যান এবং খুলুন।


## Google Authenticator অ্যাপ ব্যবহার

16. আপনার স্মার্টফোনে, আপনি এই স্ক্রিন দেখতে পাবেন:





17. **শুরু করা যাক-এ ক্লিক করুন।**

18. স্ক্রিনটি খুলবে। আপনি এই দুটি বিকল্পের মধ্যে একটি দেখতে পাবেন, **QR কোড স্ক্যান করুন,** অথবা **একটি সেট আপ কী লিখুন**। একটি বেছে নিন।




**Google Authenticator অ্যাপ ব্যবহার করে QR কোড স্ক্যান করার নির্দেশাবলী: Android ডিভাইসে**

19. অ্যাপ আপনার ক্যামেরা ব্যবহারের অনুমতি চাইবে। **এই অ্যাপ ব্যবহারের সময়-**তে ক্লিক করুন।




20. QR কোড স্ক্যান করুন-এ এগিয়ে যান|

**Apple ডিভাইসে**


21. *"Authenticator" আপনার ক্যামেরা অ্যাক্সেস করতে চাইছে-* লেখা একটা মেসেজ দেখতে পাবেন। ক্লিক করুন **ঠিক আছে**-তে।





22. [QR কোড স্ক্যান করুন]-এ এগিয়ে যান।

**QR কোড স্ক্যান করা**

23. আপনার স্মার্টফোন স্ক্রিনে এখন মধ্যিখানে বর্গক্ষেত্র যুক্ত একটা ফাঁকা জায়গা দেখতে পাবেন।



24. আপনার স্মার্টফোন বা ট্যাবলেটের ক্যামেরাটি আপনার কম্পিউটার স্ক্রিনে থাকা QR কোডের দিকে দেখান (নীচের ছবিটি দেখুন), যাতে কম্পিউটার স্ক্রিনের QR কোডটি আপনার স্মার্টফোনের স্ক্রিনের সবুজ বক্সের মধ্যে দেখা যায়। এই অ্যাপ আপনাআপনি সেই কোডটিকে আপনার ফোন বা ট্যাবলেটে স্ক্যান করে নেবে।





25. আপনার কোড লিখুন ধাপের দিকে এগিয়ে যান।

**সেট আপ কী কীভাবে দেবেন, তার নির্দেশাবলী (যদি আপনি QR কোড স্ক্যান করতে না পারেন)।**


26. পদক্ষেপ 13 অনুসারে আপনি কোড স্ক্যান করতে না পারলে, **সেট আপ কী লিখুন** নির্বাচন করুন।

**টিপ:** এই ত্রুটির জন্য অন্যান্য সম্ভাব্য কারণ এবং কীভাবে সেগুলি সংশোধন করতে হয়, তা জানার জন্য এখানে ক্লিক করুন।

27. আপনার কম্পিউটার স্ক্রিনে, আপনাকে একটি গোপন কী দেখানো হবে। এই কোডটি আপনি Google Authenticator অ্যাপে দেবেন। আপনি সেটআপ কী লেখার নির্দেশাবলী যুক্ত একটি স্ক্রীন দেখতে পাবেন। দ্রষ্টব্য: এই ধাপে এগিয়ে যেতে, আপনাকে প্রথমে Okta Verify একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতি সেট আপ করতে হবে।



28. আপনার Google Authenticator অ্যাপে, আপনার NY.gov অ্যাকাউন্টের নাম, গোপন কী লিখুন, সময় নির্বাচন করুন।





29. **যোগ করুন** বোতামে ক্লিক করুন।


30. আপনার কোড লিখুন ধাপের দিকে এগিয়ে যান।

**আপনার কোড লিখুন**


31. অ্যাপটি সফলভাবে QR কোড স্ক্যান করে নিলে, আপনার স্মার্টফোন আপনার ইউজার নেম এবং একটি ছয়-সংখ্যার কোড সহ একটি স্ক্রীন দেখা যাবে। এই কোডটি আপনি পরবর্তী ধাপে কম্পিউটারে দেবেন। এই কোড প্রতি 30 সেকেন্ডে বদলায়।



32. আপনার কম্পিউটার মনিটরে 'কোড লিখুন' ক্ষেত্রে আপনার অ্যাপ থেকে কোডটি টাইপ করুন এবং **যাচাই করুন**-এ ক্লিক করুন।



33. আপনাকে আবার নথিভুক্তির স্ক্রিনে পুনঃনির্দেশিত করা হবে, যেখানে আপনি অন্য একাধিক ফ্যাক্টর প্রমাণীকরণ পদ্ধতি সেট আপ করতে পারেন। নথিভুক্ত ফ্যাক্টরের অধীনে Google Authenticator-কে দেখতে পাবেন। আপনাকে একের চেয়ে বেশি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতি সেট আপ করার পরামর্শ দেওয়া হচ্ছে।





34. আপনার পছন্দের একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতি সেটআপ হয়ে গেলে, সমাপ্ত করুন বোতামে ক্লিক করুন।


- টিপ: আপনার একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ সেট আপ করতে যদি কোনো ফোন অ্যাপের প্রয়োজন হয়, তবে "একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ" ব্রাউজার পেজে সেটআপ বোতামে ক্লিক করার আগে, সেই অ্যাপটি ডাউনলোড করে নেবেন। Okta Verify এবং Google Authenticator-এই দুটি একাধিক ফ্যাক্টরের প্রমাণীকরণ পদ্ধতিতেই অ্যাপের প্রয়োজন হয়।

**ত্রুটি সংক্রান্ত সম্ভাব্য মেসেজ এবং কীভাবে সেগুলি সমাধান করবেন।**


- ত্রুটি সংক্রান্ত মেসেজ: সেশনের মেয়াদ শেষ।
- সমাধান: গ্রাহককে আবার সাইন ইন করতে হবে।




- ত্রুটি সংক্রান্ত মেসেজ: টোকেন মেলে নি।
- সমাধান:
  1. গ্রাহককে নির্ভুলতা নিশ্চিত করতে হবে।
  2. গ্রাহককে আবার কোড "পাঠাতে" হবে।




- ত্রুটি সংক্রান্ত মেসেজ: ত্রুটি দেখা গেছে।
- সমাধান: গ্রাহককে অবশ্যই কোড দিতে হবে।



- ত্রুটি সংক্রান্ত মেসেজ: বারকোড স্ক্যান করা যায়নি।
- সমাধান:

1. প্রদত্ত বিকল্প ব্যবস্থা ব্যবহার করুন।
   - "SMS দ্বারা অ্যাক্টিভেশন পাঠান" - গ্রাহক একটি ফোন নম্বর দিতে পারেন।
   - "পুশ ছাড়াই ম্যানুয়ালি সেটআপ করুন" - গ্রাহক একটি অস্থায়ী কোড দেখতে পাবেন।
   - "অ্যাক্টিভেশন ইমেইল পাঠান" – গ্রাহককে তাদের অ্যাকাউন্ট তৈরিতে ব্যবহৃত ইমেইল অ্যাকাউন্টে একটি ইমেইল পাঠানো হবে।




2. গ্রাহকের ডিভাইসের ক্যামেরায় "অনুমোদিত" অ্যাক্সেস আছে, তা নিশ্চিত করুন। (নির্দেশাবলীর জন্য এখানে ক্লিক করুন )

মূল পেজে ফিরে যান